অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/10/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ন্যাশনাল পুলিশ সপ্তাহের স্বীকৃতি জানিয়ে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কগুলিকে নীল আলোয় আলোকিত করার নির্দেশ দিলেন

10 মে, রবিবার, সন্ধ্যায় স্টেটের 16টি ল্যান্ডমার্ককে নীল আলোয় আলোকিত করা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে, নিউ ইয়র্ক স্টেট ও পুরো দেশের আইনশৃঙ্খলা রক্ষাকারী অফিসারদের সেবা ও আত্মত্যাগকে সম্মান জানানোর জন্য ন্যাশনাল পুলিশ সপ্তাহকে (National Police Week) স্বীকৃতি দিতে আজকে, 10 মে, রবিবার সন্ধ্যা পুরো নিউ ইয়র্ক স্টেটে 16টি ল্যান্ডমার্ককে নীল আলোয় আলোকিত করা হবে।

"ন্যাশনাল পুলিশ সপ্তাহ চলাকালে, আমরা এমন সাহসী নারী ও পুরুষদের সম্মান জানাচ্ছি যারা প্রতিদিন আমাদের কমিউনিটিকে সুরক্ষিত রাখতে নিজেদের জীবন ঝুঁকিগ্রস্ত করেন, **"গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা এছাড়া সেই অফিসারদের কথা মনে করি যারা অন্যদের সেবায় নিজেদের জীবন উৎসর্গ করেছেন এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য নিঃস্বার্থ পদক্ষেপ নিয়েছেন। নিউ ইয়র্ক আমাদের পুরো স্টেটের আইনশৃঙ্খলা রক্ষাকারী অফিসারদের সাহস, প্রতিশ্রুতি ও নিষ্ঠার জন্য কৃতজ্ঞ।"

আজ রাতে নিচের ল্যান্ডমার্কগুলি নীল আলোয় আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে (Albany International Airport Gateway)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- ইরি ক্যানেলের (Erie Canal) উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কোয়ার ভায়াডাক্ট (Grand Central Terminal - Pershing Square Viaduct)
- কোসিউস্কো ব্রিজ (Kosciuszko Bridge)
- লেক প্লাসিড অলিম্পিক সেন্টার (Lake Placid Olympic Center)
- ময়নিহ্যান ট্রেন হল (Moynihan Train Hall)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে (East End Gateway at Penn Station)

- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- স্টেট এডুকেশন বিল্ডিং (State Education Building)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (H. Carl McCall SUNY Building)
- দ্য "ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট" মিড-হাডসন ব্রিজ (The "Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
- রুজভেল্ট আইল্যান্ড লাইটহাউস (Roosevelt Island Lighthouse)

এই বছর, May 10 মে, রবিবার, থেকে 16 মে, শনিবার পর্যন্ত পালিত হওয়া ন্যাশনাল পুলিশ সপ্তাহ আইনশৃঙ্খলা রক্ষাকারী অফিসারদের সেবা ও আত্মত্যাগকে স্বীকৃতি দেয় এবং দায়িত্ব পালনকালে যারা জীবন হারিয়েছেন তাদের প্রতি শ্রদ্ধা জানায়।

নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সুপারিন্টেনডেন্ট Steven G. James (স্টিভেন জি জেমস) বলেন, "ন্যাশনাল পুলিশ সপ্তাহ আমাদেরকে স্টেট ও পুরো দেশের আইনশৃঙ্খলা রক্ষাকারী অফিসারদের প্রতিদিনের সাহস, আত্মত্যাগ, এবং অবিচল প্রতিশ্রুতির কথা গম্ভীরভাবে মনে করিয়ে দেয়। আমরা তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাই যারা অন্যদের সেবায় সর্বোচ্চ আত্মত্যাগ করেছেন, এবং এমন নারী ও পুরুষদের নিষ্ঠাকে স্বীকৃতি দিই যারা পেশাদারিত্ব, সততা, ও সহানুভূতি দিয়ে আমাদের কমিউনিটিকে সুরক্ষা দিয়ে চলেছেন। নিউ ইয়র্ক স্টেট পুলিশের পক্ষ থেকে, আমরা সকল আইনশৃঙ্খলা রক্ষাকারী সদস্য এবং তাদের পরিবারের প্রতি তাদের সেবা ও আত্মত্যাগের জন্য গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের (Division of Criminal Justice Services) কমিশনার Rossana Rosado (রোসানা রোসাডো) বলেন, "ন্যাশনাল পুলিশ সপ্তাহ হলো প্রতিদিন নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে কাজ করতে থাকা আইনশৃঙ্খলা রক্ষাকারী পেশাদারদের অসাধারণ নিষ্ঠাকে স্বীকৃতি জানানোর একটি সুযোগ। আমরা এছাড়াও নিজেদের কমিউনিটির সেবায় জীবন দিয়েছেন এমন অফিসারদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাচ্ছি, এবং তাদের লিগেসিকে অগ্রসর করতে থাকা পরিবার, বন্ধু ও সহকর্মীদের পাশে আছি।"

স্টেট Empire State Plaza-তে সম্প্রতি তাদের বার্ষিক পুলিশ অফিসার্স মেমোরিয়াল রিমেমব্রেন্স সেরেমনি (Police Officers Memorial Remembrance Ceremony) আয়োজন করে, যেখানে গভর্নর Hochul (হোকল) New York State Police Officers Memorial-এ যোগ হওয়া 56 জন অফিসারকে সম্মান জানান।

###

টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন